

এবে দয়া প্রকাশিয়া প্রভু হরিচাঁদ।  
 বৈষ্ণবের কাটিলেন নাম অপরাধ।।  
 জ্ঞানকাণ্ড কর্মকাণ্ড মুক্তি অষ্টপাশ।  
 দয়া সুদর্শনে কাটিলেন হরিদাস।।  
 বিরাগ বিশুদ্ধ প্রেম ভক্তি আচরণ।  
 রাগভক্তি দিয়া মাতাইল সর্বজন।  
 গৃহে থাকি প্রেম-ভক্তি সেই হয় শ্রেষ্ঠ।  
 অনুরাগ বিরাগেতে প্রেম ইষ্ট-নিষ্ঠ।  
 সাক্ষী তার কাশীখণ্ডে দেবতা সবাই।  
 শুনিলেন ধর্মকথা লোপামুদ্রা ঠাঁই।।  
 গৃহধর্ম রক্ষা করে বাক্য সত্য কয়।  
 বানপ্রস্থী পরমহংস তাঁর তুল্য নয়।।  
 গয়া, গঙ্গা, প্রয়াগ, পুরুর, দ্বারাবতী।  
 প্রভাস, নর্মদা, কুরুক্ষেত্র, সরস্বতী।।  
 পৃথিবীতে পুণ্যক্ষেত্র আছে যত্র তত্র।  
 সর্ব-তীর্থ শ্রেষ্ঠ সে প্রয়াগ পুণ্যক্ষেত্র।।  
 যত যত তীর্থ আছে অবনী ভিতরে।  
 সত্য-বাক্য সমকক্ষ হইতে না পারে।।  
 পর অন্ন খায় যে বা তীর্থ-ধামে যায়।  
 যড়াংশের এক অংশ ফল সেই পায়।।  
 বাণিজ্য কারণে যে বা তীর্থ ধামে যায়।  
 তীর্থের নাহিক ফল বাণিজ্য সে পায়।।  
 দেহের ইন্দ্রিয় বশ না হয়েছে যার।  
 তীর্থে গেলে ফল প্রাপ্তি না হইবে তার।।  
 দেহের ইন্দ্রিয় বশ করেছে যে জন।  
 তাঁর দরশনে সব তীর্থ দরশন।।  
 গৃহেতে থাকিয়া যাঁর হয় ভাবোদয়।  
 সেই সে পরমসাধু জানিবে নিশ্চয়।।  
 অনুধবজ, শিখিধবজ, সুধন্য, সুরথ।  
 অম্বরীষ, বিভীষণ, রঘু, ভগীরথ।।  
 প্রহ্লাদ, নারদ, শুক, ধ্রুব, মুচকুন্দ।  
 বিদুর, গুহক, বলী, শ্রীসহস্রকন্দ।।

এসব গৃহস্থ-ভক্ত বিধিভক্তি রসে।  
 অন্তরঙ্গ ভক্ত সব থাকে গৃহবাসে।।  
 তার মধ্যে পঞ্চ অঙ্গ অতি অন্তরঙ্গ।  
 দাস্য, সখ্য, বাৎসল্য, মধুর, পঞ্চ অঙ্গ।।  
 শান্তভাব নিষ্ঠারতি চারি রসে রয়।  
 শান্তরস রতি নিষ্ঠা পঞ্চ অঙ্গ কয়।।  
 অনর্পিত চরিং চিরাং শ্লোকে বাখানি।  
 লিখে বিশ্বমঙ্গল 'উজ্জ্বল নীলমণি'।।  
 অতি অন্তরঙ্গ মধ্যে করিয়াছে ঠিক।  
 তিন প্রভু ছয় গৌসাই পঞ্চ রসিক।।  
 ইহারা সকলে মাত্র গৃহাশ্রমী হয়।  
 গৃহত্যাগী শেষে হয় গোস্বামীর ছয়।।  
 মুছিয়া রসিকধর্ম গৃহধর্ম দিয়া।  
 অবতীর্ণ হরিচাঁদ সফলা আসিয়া।।  
 গৃহধর্ম পালিবেক যাজিবে যাজন।  
 অন্তরঙ্গ রসিক হইবে সেইজন।।  
 মায়া মোহ দূরে যাব চিদাকাশে জ্যোতিঃ।  
 তাঁহার ভাগ্যেতে ঘটে হরিচাঁদ-ভাতি।।



### শ্রীশ্রীহরিচাঁদের পূর্ব পুরুষগণের পরিচয়

সংস্কৃত শিক্ষার কেন্দ্র, বঙ্গ নবদ্বীপ ধন্য,  
 জ্ঞান-তপস্বীর লীলাক্ষেত্র।  
 খৃষ্টীয় ষোড়শ অব্দে, আভারত যশোশব্দে,  
 বঙ্গভূমি হইল পবিত্র।।  
 বিভিন্ন প্রদেশ হ'তে, জ্ঞানের পিপাসা স্রোতে  
 শিক্ষার্থী ছুটিল বঙ্গপানে।  
 কোন কোন পরিবার, দেশছাড়ি' অতঃপর,  
 বঙ্গে বাস করে হষ্ট মনে।।  
 মিথিলা প্রদেশবাসী, বঙ্গে বাস-অভিলাষী,  
 ব্রহ্ম বংশ এক পরিবার।